গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

**আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর চূড়ান্ত প্রতিবেদন মূল্যায়ন বিষয়ক সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ শাখাওয়াত হোসেন<br>মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা |
| সভার স্থান | : | অনলাইন ভিডিও কনফারেন্স (জুম প্লাটফরম) |
| সভার তারিখ | : | ২৭ আগস্ট, ২০২২ |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- 'ক' |

সভার আলোচ্য সূচি :

সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগকে অনুরোধ জানান। তদানুযায়ী শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রার বিপরীতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহের অর্জনের বিবরনী সভায় উপস্থাপন করেন।

শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহ হতে প্রাপ্ত স্বমূল্যায়িত প্রতিবেদন খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার টিম কর্তৃক পর্যালোচনা করা হয়েছে। প্রাথমিক পর্যালোচনায় দেখা যায় আখানি দপ্তরসমূহ কর্তৃক স্বমূল্যায়িত প্রতিবেদনে দাবিকৃত অর্জনের বিপরীতে কোন কোন ক্ষেত্রে প্রমাণক দাখিল করা হয়নি অথবা দাখিলকৃত প্রমাণক গৃহীত কার্যক্রমের সাথে সংগতিপূর্ণ নয়। শুদ্ধাচার কৌশলপত্র বাস্তবায়ন নির্দেশিকা, ২০২১-২২ অনুযায়ী নির্ধারিত প্রমাণকের ভিত্তিতে মূল্যায়নের বাধ্যবাধকতা রয়েছে। ফলে যথাযথ পদ্ধতিতে মূল্যায়নে নির্ধারিত প্রমাণক সংযুক্ত না করায় আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণের প্রকৃত অর্জন কাঙ্খিত অবস্থান হতে হ্রাস পেয়েছে যা সংশ্লিষ্ট দপ্তর তথা খাদ্য অধিদপ্তরের কর্মদক্ষতায় নেতিবাচক প্রভাব ফেলে।

তিনি আরও বলেন, খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং শুদ্ধাচার কার্যক্রমের দায়িত্বপ্রাপ্ত শাখা সহকারী টেলিফোন/সামাজিক যোগাযোগ মাধ্যমে দাবিকৃত অর্জনের বিপরীতে যথাযথ প্রমাণক প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকল আখানি দপ্তরে যোগাযোগ করেন। এছাড়া ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ২০২১-২২ অর্থবছরে অনুষ্ঠিত ৩টি ফিডব্যাক সভার কার্যবিবরণী, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নির্দেশিকা ২০২১-২২ এবং খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার টিম কর্তৃক আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন প্রতেবেদন এর প্রাথমিক মূল্যায়ন পত্র সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক বরাবর whatsapp এ প্রেরণপূর্বক অপ্রেরিত প্রমাণক প্রেরণের জন্য তাগিদ প্রদান করা হয়। বারংবার তাগিদ প্রদান সত্বেও সংশ্লিষ্ট আখানি দপ্তরসমূহ হতে সকল প্রমাণক এখনও পাওয়া যায়নি।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহের স্বমূল্যায়িত প্রতিবেদন ও প্রাপ্ত প্রমাণকের ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার টিম কর্তৃক প্রণীত মূল্যায়ন বিবরনী শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত বিবরনী পর্যালোচনায় দেখা যায় আখানি দপ্তর, রাজশাহী, খুলনা, রংপুর এবং ময়মনসিংহ হতে দাবিকৃত লক্ষ্যমাত্রা অর্জনের বিপরীতে অধিকাংশ প্রমাণক পাওয়া যায়নি। এছাড়া আখানি দপ্তর, ঢাকা, চট্টগ্রাম, বরিশাল ও সিলেট কর্তৃক দাবিকৃত লক্ষ্যমাত্রা অর্জনের বিপরীতে দাখিলকৃত প্রমাণকের ঘাটতি রয়েছে।

সভায় সংস্থাপনা ভিত্তিক কার্যক্রম, লক্ষ্যমাত্রা, অর্জন ও প্রমাণকের ভিত্তিতে মূল্যায়ন পর্যালোচনা করা হয়। পর্যালোচনা কালীন সভাপতি মহোদয়সহ উপস্থিত অতিরিক্ত মহাপরিচালক কর্তৃক মাঠ পর্যায়ের কার্যালয়সমূহকে বিষয়ভিত্তিক ফিডব্যাক প্রদান করা হয়।

অত:পর সভাপতি খাদ্য বিভাগের মাঠ পর্যায়ের আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তর তথা খাদ্য অধিদপ্তরের ভাবমূর্তি রক্ষার্থে আখানি দপ্তরসমূহের স্বমূল্যায়িত প্রতিবেদন খাদ্য অধিদপ্তর কর্তৃক চূড়ান্ত মূল্যায়নের নিমিত্ত ২৭/০৮/২০২২খি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, বিকল্প ফোকাল পয়েন্ট ও সংশ্লিষ্ট শাখা সহকারীর ই-মেইলে নিজ নিজ সংস্থাপনার অপ্রেরিত যথাযথ প্রমাণক প্রেরণ নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

সিদ্ধান্তসমূহ:

১। অদ্যকার সভায় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তরসমূহের স্বমূল্যায়িত প্রতিবেদন খাদ্য অধিদপ্তর কর্তৃক চূড়ান্ত মূল্যায়নের নিমিত্ত অদ্য ২৭/০৮/২০২২খ্রি. বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট দপ্তরসমূহ কর্তৃক অপ্রেরিত যথাযথ প্রমাণক খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, বিকল্প ফোকাল পয়েন্ট ও সংশ্লিষ্ট শাখা সহকারীর নির্ধারিত ই-মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।

২। খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার টিম কর্তৃক মাঠপর্যায়ের আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তর হতে প্রেরিত প্রতিবেদন অনুযায়ী নির্ধারিত কার্যক্রম, লক্ষ্যমাত্রা, অর্জন ও প্রমাণকের ভিত্তিতে মূল্যায়ন পর্যালোচনাপূর্বক চূড়ান্ত মূল্যায়ন পত্র প্রস্তুত করে আগামী ২৮/০৮/২০২২খ্রি. তারিখ সকাল ০৯.০০ ঘটিকার মধ্যে খাদ্য অধিদপ্তরের এপিএ টিমের নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩। অদ্যকার সভার ফিডব্যাক অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৯/০৪/২০২২খ্রি. তারিখে প্রকাশিত **"আঞ্চলিক ও মাঠপর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩"** অনুসরণপূর্বক আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ প্রণয়ন ও যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

৪। ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিশ্চিত করণের লক্ষ্যে প্রতি কোয়ার্টারের ৩য় মাসের ১ম পক্ষে সংশ্লিষ্ট সকল সংস্থাপনা প্রধান ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। মাঠ পর্যায়ের সংস্থাপনা সমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য শেয়ার, মনিটরিং ও পরামর্শমূলক ফিডব্যাক প্রদানসহ খাদ্য অধিদপ্তরের সাথে মাঠ পর্যায়ের কার্যক্রম সমন্বয় এর লক্ষ্যে একটি whatsapp গ্রুপ প্রস্তুত করে সংশ্লিষ্ট সকলকে গ্রুপে সম্পৃক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। খাদ্য অধিদপ্তরের সাথে ২০২২-২৩ অর্থবছরে নতুনভাবে এপিএ চুক্তি সম্পাদনকারী সংস্থাপনা প্রধানগণকে সংযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৮/২২

মোঃ শাখাওয়াত হোসেন
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন-০২২২৩৩৫৪৮৩৪
dg@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩১.২৩.২১১.১৭.৩৮৯(৩৪) তারিখ: ২৮/০৮/২০২২খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে-

০১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা
০৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০৪। প্রকল্প পরিচালক, সারাদেশে পুরাতন খাদ্য গুদাম ও আনুষঙ্গিক সুবিধাদির মেরামত এবং নতুন অবকাঠামো নির্মাণ/ খাদ্যশস্যের পুষ্টিমান নিশ্চিত করার লক্ষ্যে প্রিমিক্স কার্নেল মেশিন ও ল্যাবরেটরী স্থাপন এবং অবকাঠামো নির্মাণ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০৫-১১। পরিচালক, প্রশাসন/সববি/চসসা/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১২। প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৭), ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
১৩। প্রধান মিলার, সরকারি ময়দা ও পশু খাদ্য মিল, পোস্তগোলা, ঢাকা
১৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১৫-২২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ রংপুর/ময়মনসিংহ
২৩। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ২৯৯ পশ্চিম জুরাইন (নতুন রাস্তা), শ্যামপুর, ঢাকা
২৪-২৯। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নারায়ণগঞ্জ/আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া/সান্তাহার, বগুড়া/মোংলা, বাগেরহাট/স্টীল সাইলো, খুলনা
৩০-৩১। অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ/এমআইএস এন্ড এম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৩২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৩৩। প্রশাসনিক কর্মকর্তা, নেজারত শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকা
৩৪। অফিস কপি

২৮/০৮/২২

আবু নঈম মোহাম্মদ সফিউল আলম
অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬ আব্দুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩১.১৬.০০২.২১. ৩৪৮(৮) তারিখ:২৮/০৮/২০২২খ্রি.

**বিষয়: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর চূড়ান্ত প্রতিবেদন মূল্যায়ন**

উপর্যুক্ত বিষয়ে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর চূড়ান্ত প্রতিবেদন খাদ্য অধিদপ্তর কর্তৃক মূল্যায়নপূর্বক মূল্যায়নপত্র পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্ত:** মূল্যায়ন পত্র ০৩ (তিন) পাতা

২৮/০৮/২২
আবু নঈম মোহাম্মদ সফিউল আলম
অতিরিক্ত পরিচালক (চলতি দায়িত্ব)/
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট
ফোন: +৮৮-০২-৯৫৮৬২১৩
adl.adm@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩১.১৬.০০২.২১. তারিখ: /০৮/২০২২খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে-

১। অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
২। অফিস কপি

মোঃ নুরুজ্জামান
ইন্সট্রাক্টর

# আখানি দপ্তরসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল, ২০২১-২০২২ এর চূড়ান্ত প্রতিবেদনের ওপর খাদ্য অধিদপ্তরের মূল্যায়ন:

ছক-'ক'

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | সূচকের মান | পর্যালোচনা | মন্তব্য | ঢাকা | | চট্টগ্রাম | | রাজশাহী | | খুলনা | | বরিশাল | | সিলেট | | রংপুর | | ময়মনসিংহ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অর্জন | প্রাপ্ত নম্বর | অর্জন | প্রাপ্ত নম্বর | অর্জন | প্রাপ্ত নম্বর | অর্জন | প্রাপ্ত নম্বর | অর্জন | প্রাপ্ত নম্বর | অর্জন | প্রাপ্ত নম্বর | অর্জন | প্রাপ্ত নম্বর | অর্জন | প্রাপ্ত নম্বর |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | ৪টি | ৪ | ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট এবং ময়মনসিংহের লক্ষ্যমাত্রা অর্জিত; | রংপুর ১ম কোয়ার্টার প্রমাণক দাখিল করেনি | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৩ | ৩ | ৪ | ৪ |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ৪টি | ৬ | বরিশাল: ৩টি অর্জিত (২য়, ৩য় এবং ৪র্থ), ঢাকা, সিলেট ও রংপুর: ২টি অর্জিত (৩য় এবং ৪র্থ)<br>**ময়মনসিংহ: ১টি অর্জিত (৩য়);** | চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা কোন কোয়ার্টারে প্রমাণক দাখিল করেনি | ২ | ৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩ | ৪.৫ | ২ | ৩ | ২ | ৩ | ১ | ১.৫ |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ঢাকা: ২টি<br>চট্টগ্রাম: ২টি<br>রাজশাহী: ২টি<br>খুলনা: ২টি<br>বরিশাল: ৪টি<br>সিলেট: ৪টি<br>রংপুর: ২টি<br>ময়মনসিংহ:৪ | ৪ | ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও ময়মনসিংহের লক্ষ্যমাত্রা অর্জিত। | রংপুর কোন সভা আয়োজন করেনি | ২ | ৪ | ২ | ৪ | ২ | ৪ | ২ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ০ | ০ | ৪ | ৪ |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ন্যূনতম ২টি<br>ময়মনসিংহ:৪ | ২ | ঢাকা, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর, ময়মনসিংহ এবং সিলেট এর লক্ষ্যমাত্রা অর্জিত। | চট্টগ্রাম শুদ্ধাচার সংক্রান্ত ১টি প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন করেছে। অন্যটি শুদ্ধাচার সংক্রান্ত নয় | ২ | ২ | ১ | ১ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ৪ | ২ |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ড ইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | ঢাকা: ২টি<br>চট্টগ্রাম: ২টি<br>রাজশাহী: ২টি<br>খুলনা: ২টি<br>বরিশাল: ২টি<br>সিলেট: ১টি<br>রংপুর: ২টি<br>ময়মনসিংহ:১ | ৩ | ঢাকা, বরিশাল, সিলেট, রংপুর এবং ময়মনসিংহের লক্ষ্যমাত্রা অর্জিত।<br>চট্টগ্রাম, খুলনা ও রাজশাহীর লক্ষ্যমাত্রার ৫০% অর্জিত। | চট্টগ্রাম টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ সংক্রান্ত প্রমাণক দাখিল করেনি; সিলেটের দাখিলকৃত প্রমাণক গৃহীত কার্যক্রমের সাথে সংগতিপূর্ণ নয় | ২ | ৩ | ১ | ১.৫ | ১ | ১.৫ | ১ | ১.৫ | ২ | ৩ | ০ | ০ | ২ | ৩ | ১ | ৩ |
| | মোট = | ১৯ | | প্রাপ্ত নম্বর = | | ১৬ | | ১০.৫ | | ১১.৫ | | ১১.৫ | | ১৭.৫ | | ১৩ | | ১১ | | ১৪.৫ |

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | সূচকের মান | পর্যালোচনা | মন্তব্য | ঢাকা | | চট্টগ্রাম | | রাজশাহী | | খুলনা | | বরিশাল | | সিলেট | | রংপুর | | ময়মনসিংহ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অর্জন | প্রাপ্ত নম্বর | অর্জন | প্রাপ্ত নম্বর | অর্জন | প্রাপ্ত নম্বর | অর্জন | প্রাপ্ত নম্বর | অর্জন | প্রাপ্ত নম্বর | অর্জন | প্রাপ্ত নম্বর | অর্জন | প্রাপ্ত নম্বর | অর্জন | প্রাপ্ত নম্বর |
| ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন খাদ্য অধিদপ্তরে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | কোয়ার্টার সমাপ্তির পরবর্তী ১৫ দিনের মধ্যে; ৪টি | ৪ | লক্ষ্যমাত্রা<br>অর্জিত / অর্জিত হয়নি<br>ঢাকা: ২য়, ৩য় এবং ৪র্থ / ১ম<br>চট্টগ্রাম: ১ম, ২য় এবং ৩য় / ৪র্থ<br>রাজশাহী: ৪র্থ কোয়ার্টার / ১ম, ২য়, ৩য়<br>খুলনা: ৩য় ও ৪র্থ / ১ম, ২য়<br>বরিশাল: ২য়, ৩য় ও ৪র্থ / ১ম<br>সিলেট: ৩য় এবং ৪র্থ / ১ম, ২য়<br>রংপুর: ৩য় কোয়ার্টার / ১ম, ২য়, ৪র্থ<br>ময়মনসিংহ: ১ম এবং ৩য় / ২য়, ৪র্থ | **অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাবে; অন্যথায় কোন নম্বর প্রাপ্ত হবে না** | ৩ | ০ | ৩ | ০ | ১ | ০ | ২ | ০ | ৩ | ০ | ২ | ০ | ১ | ০ | ২ | ০ |
| ১.৭ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | ১টি | ৩ | ঢাকা, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহের অর্জিত। | চট্টগ্রামের ওয়েবসাইটে পুরস্কারপ্রাপ্তদের আদেশ পাওয়া যায়নি | ১ | ৩ | ০ | ০ | ১ | ৩ | ১ | ৩ | ১ | ৩ | ১ | ৩ | ১ | ৩ | ১ | ৩ |
| ২.১ ২০২১-২০২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ১টি | ৪ | ঢাকা, চট্টগ্রাম, বরিশাল ও সিলেট ২য় কোয়ার্টারে প্রকাশ করেছে;<br>রাজশাহী, খুলনা, রংপুর ও ময়মনসিংহ অর্জিত হয়নি;<br>খুলনা ক্রয়পরিকল্পনা আপলোড করেনি;<br>ই-জিপি স্ক্রীনশট দাখিল করেছে যা সংগতিপূর্ণ নয় | নির্ধারিত লক্ষ্যমাত্রায় অর্জন না হলে প্রতি কোয়ার্টার বিলম্বে ০.২৫ নম্বর কাটা যাবে | ১ | ৩.৭৫ | ১ | ৩.৭৫ | ০ | ০ | ০ | ০ | ১ | ৩.৭৫ | ১ | ৩.৭৫ | ০ | ০ | ০ | ০ |
| মোট নম্বর = | | ১১ | | প্রাপ্ত নম্বর = | | ৬.৭৫ | | ৩.৭৫ | | ৩ | | ৩ | | ৬.৭৫ | | ৬.৭৫ | | ৩ | | ৩ |
| পূর্ব পৃষ্ঠার মোট নম্বর = | | ১৯ | | প্রাপ্ত নম্বর = | | ১৬ | | ১০.৫ | | ১১.৫ | | ১১.৫ | | ১৭.৫ | | ১৩ | | ১১ | | ১৪.৫ |
| সর্বমোট নম্বর = | | ৩০ | | সর্বমোট প্রাপ্ত নম্বর = | | ২২.৭৫ | | ১৪.২৫ | | ১৪.৫ | | ১৪.৫ | | ২৪.২৫ | | ১৯.৭৫ | | ১৪ | | ১৭.৫ |

## ছক-'খ': শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতেরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম

**মূল্যায়ন পদ্ধতি: লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। অন্যথায় কোন নম্বর প্রদান করা যাবে না।**

| আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| কার্যক্রম | পর্যালোচনা | মন্তব্য | লক্ষ্যমাত্রা | সূচক মান | অর্জন | অর্জিত মান |
| ৩.১ অভ্যন্তরীণ নিরীক্ষা আপত্তি সফটওয়্যারে আপলোডকরণ | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি | ১ম ও ২য় কোয়ার্টারে সফটওয়্যার রিপোর্ট দাখিল করেনি | ১০০% | ৪ | ৫০% | ০ |
| ৩.২ Movement Software এর মাধ্যমে চলাচলসূচি জারি করণ | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি | ২১-২২ অর্থবছরে জারিকৃত সকল চলাচলসূচি সফটওয়্যারের মাধ্যমে জারি হয়েছে মর্মে প্রত্যয়ন দাখিলকৃত নয়; দাখিলকৃত প্রমাণকের মাধ্যমে ১০০% অর্জন প্রমাণিত নয় | ১০০% | ৪ | ০ | ০ |
| ৩.৩ শাখা/অধিশাখা/অধীনস্থ অফিস পরিদর্শন | লক্ষ্যমাত্রা অর্জিত | পরিদর্শন প্রতিবেদন | ৫০টি | ৪ | ৫০টি | ৪ |
| ৩.৪ পরিদর্শন প্রতিবেদন ব্যবস্থাপনা সফটওয়্যারের মাধ্যমে পরিদর্শন প্রতিবেদন দাখিল | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি | ১ম ও ২য় কোয়ার্টারে প্রমাণক দাখিল করেনি | ৩০% | ৪ | ১৫% | ০ |
| ৩.৫ দাপ্তরিক কাজে ই-নথি ব্যবহার | লক্ষ্যমাত্রা ৮০%; অর্জন ৭১% | শতভাগ অর্জিত হয়নি | ৮০% | ৪ | ৭১% | ০ |
| | | | মোট নম্বর = | ২০ | প্রাপ্ত নম্বর = | ৪ |

| আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| কার্যক্রম | পর্যালোচনা | মন্তব্য | লক্ষ্যমাত্রা | সূচক মান | অর্জন | অর্জিত মান |
| ৩.১ দাপ্তরিক শিষ্টাচার পরিপালন ও মূল্যায়ন বিষয়ক সভা | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি (১টি সভা অনুষ্ঠিত উল্লেখ করেছে) | প্রমাণক দাখিল করেনি | ২টি | ৪ | ০ | ০ |
| ৩.২ বিভাগীয় দপ্তর/স্থাপনা পরিদর্শন | লক্ষ্যমাত্রা অর্জিত | পরিদর্শন প্রতিবেদন/ স্থাপনার তালিকা | ৩০টি | ৪ | ৪০টি | ৪ |
| ৩.৩ গণশুনানী আয়োজন | লক্ষ্যমাত্রা অর্জিত | নোটিশ, হাজিরা, কার্যবিবরণী এবং ছবি | ১টি | ৪ | ১টি | ৪ |
| ৩.৪ বিদ্যুৎ, গ্যাস, ইন্টারনেটসহ অন্যান্য সেবার বিল/বকেয়া পরিশোধ | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি | রুটিন কার্য; কার্যক্রমটি পরিবর্তন করার সুপারিশ ছিল | ৪টি | ৪ | ০ | ০ |
| ৩.৫ সেবা প্রদান বিষয়ক রেজিস্ট্রার ও মতামত সংরক্ষণ | লক্ষ্যমাত্রা অর্জিত | রেজিস্টার বহি এর কপি | ৪টি | ৪ | ৪টি | ৪ |
| | | | মোট নম্বর = | ২০ | প্রাপ্ত নম্বর = | ১২ |

| আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, রাজশাহী | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | পর্যালোচনা | মন্তব্য | লক্ষ্যমাত্রা | সূচক মান | অর্জন | অর্জিত মান |
| ৩.১ কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক সভা | লক্ষ্যমাত্রা অর্জিত | নোটিশ, হাজিরা ও কার্যবিবরণী | ২টি | ৪ | ২টি | ৪ |
| ৩.২ কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি | প্রমাণক দাখিল করেনি | ১০০% | ৪ | ০ | ০ |
| ৩.৩ অফিস কক্ষে কর্মকর্তা/কর্মচারীদের অবস্থান মনিটরিং সিস্টেম চালুকরণ | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি | প্রমাণক দাখিল করেনি | ১টি ৩০/৪/২২ | ৪ | ০ | ০ |
| ৩.৪ অফিস ভবনের সকল তলায় বিশুদ্ধ পানির ফিল্টার স্থাপন | লক্ষ্যমাত্রা অর্জিত | ফিল্টার স্থাপনের ছবি | ১টি ৩০/৯/২১ | ৪ | ১টি ৩০/৯/২১ | ৪ |
| ৩.৫ সেবা প্রদান বিষয়ক রেজিস্টার ও মতামত সংরক্ষণ | লক্ষ্যমাত্রা অর্জিত | রেজিস্টার বহি এর কপি | ৪টি | ৪ | ৪টি | ৪ |
| | | | মোট নম্বর= | ২০ | প্রাপ্ত নম্বর = | ১২ |

| আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, খুলনা | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| কার্যক্রম | পর্যালোচনা | মন্তব্য | লক্ষ্যমাত্রা | সূচক মান | অর্জন | অর্জিত মান |
| ৩.১ দাপ্তরিক শিষ্টাচার পরিপালন ও মূল্যায়ন বিষয়ক সভা | লক্ষ্যমাত্রা: ২টি; অর্জন: ১টি (২য় কোয়ার্টার) | ৪র্থ কোয়ার্টার অর্জিত হয়নি | ২টি | ৪ | ১টি | ০ |
| ৩.২ বিভাগাধীন দপ্তর/স্থাপনা পরিদর্শন | লক্ষ্যমাত্রা অর্জিত | পরিদর্শন প্রতিবেদন | ৩০টি | ৪ | ৬৬টি | ৪ |
| ৩.৩ নিরাপত্তা ব্যবস্থা জোরদার করণের লক্ষ্যে অফিস আঙিনা সিসি ক্যামেরার আওতায় এনে নিবিরভাবে পর্যবেক্ষণ করা | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি | প্রমাণক দাখিল করেনি | ১টি ৩১/১২/২১ | ৪ | ০ | ০ |
| ৩.৪ বিদ্যুৎ, গ্যাস ইন্টারনেট বিল/বকেয়া পরিশোধ | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি | রুটিন কার্য; কার্যক্রমটি পরিবর্তন করার সুপারিশ ছিল | ৪টি | ৪ | ০ | ০ |
| ৩.৫ কৃষকের অ্যাপের মাধ্যমে সংগ্রহ কার্যক্রম পরিচালনা করা | লক্ষ্যমাত্রা: ৫০% অর্জন: ৪৫% | শতভাগ অর্জিত হয়নি | ৫০% | ৪ | ৪৫% | ০ |
| | | | মোট নম্বর= | ২০ | প্রাপ্ত নম্বর = | ৪ |

| আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, বরিশাল | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| কার্যক্রম | পর্যালোচনা | মন্তব্য | লক্ষ্যমাত্রা | সূচক মান | অর্জন | অর্জিত মান |
| ৩.১ বিদ্যুৎ ও পানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ | লক্ষ্যমাত্রা অর্জিত | অফিস আদেশ, বিদ্যুৎ বিলের তুলনামূলক প্রতিবেদন ও ছবি | ১০০% | ৪ | ১০০% | ৪ |
| ৩.২ কর্মকর্তা/কর্মচারী বদলিকালে প্রমিত নিয়ম-নীতি অনুসরণ | লক্ষ্যমাত্রা অর্জিত | অফিস/পদায়ন আদেশ | ১০০% | ৪ | ১০০% | ৪ |
| ৩.৩ শুদ্ধাচার বাস্তবায়নের বিষয়ে আওতাধীন দপ্তরসমূহকে তাগিদপত্র প্রদান | লক্ষ্যমাত্রা অর্জিত | তাগিদপত্র | ৪টি | ৪ | ৪টি | ৪ |
| ৩.৪ কর্মকর্তা/কর্মচারীগণের যথাসময়ে কর্মস্থল উপস্থিতি ও ত্যাগ নিশ্চিতকরণ | লক্ষ্যমাত্রা অর্জিত | অফিস আদেশ/ পর্যবেক্ষণ প্রতিবেদন | ৪টি | ৪ | ৪টি | ৪ |
| ৩.৫ নৈতিকতা সম্পর্কিত পোস্টার/লিফলেট তৈরির ও বিলির ব্যবস্থাকরণ | লক্ষ্যমাত্রা অর্জিত | লিফলেট এর কপি | ২০০টি | ৪ | ২০০টি | ৪ |
| | | | মোট নম্বর= | ২০ | প্রাপ্ত নম্বর = | ২০ |

| আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সিলেট | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| কার্যক্রম | পর্যালোচনা | মন্তব্য | লক্ষ্যমাত্রা | সূচক মান | অর্জন | অর্জিত মান |
| ৩.১ নিজ দপ্তরে কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে স্টাফ সভা | লক্ষ্যমাত্রা অর্জিত | নোটিশ, হাজিরা ও কার্যবিবরণী | ৪টি | ৪ | ৪টি | ৪ |
| ৩.২ জেলা ও উপজেলা পর্যায়ে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ অবহিত করণ | লক্ষ্যমাত্রা অর্জিত | নোটিশ/তাগিদপত্র | ১টি ৩১/৮/২১ | ৪ | ১টি ৩১/৮/২১ | ৪ |
| ৩.৩ নিরাপত্তা ব্যবস্থা জোরদার করণের লক্ষ্যে অফিস আঙিনা সিসি ক্যামেরার আওতায় এনে নিবিড়বাবে পর্যবেক্ষণ | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি (১৭/০১/২২) | সোলার প্যানেল স্থাপিত; সিসি ক্যামেরা স্থাপন করা হয়নি | ১টি ৩১/৩/২২ | ৪ | ০ | ০ |
| ৩.৪ ওএমএস ডিলারদের প্রশিক্ষণ | নোটিশ, মনোনীতদের তালিকা, ও হাজিরা দাখিলকৃত | ছবি দাখিল করেনি; ৫০% নম্বর প্রাপ্ত হবে | ১টি ৩০/৯/২১ | ৪ | ১টি ৩০/৯/২১ | ২ |
| ৩.৫ সংশ্লিষ্ট কর্মচারীদের সাজ পোশাক প্রদান ও পরিধান কার্যক্রম বাস্তবায়ন | বিল/ভাউচার/প্রাপ্তিস্বীকার পত্র দাখিলকৃত | ছবি দাখিল করেনি; ৫০% নম্বর প্রাপ্ত হবে | ১টি | ৪ | ১টি | ২ |
| | | | মোট নম্বর= | ২০ | প্রাপ্ত নম্বর = | ১২ |

| আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, রংপুর | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| কার্যক্রম | পর্যালোচনা | মন্তব্য | লক্ষ্যমাত্রা | সূচক মান | অর্জন | অর্জিত মান |
| ৩.১ দাপ্তরিক শিষ্টাচার পরিপালন ও মূল্যায়ন বিষয়ক সভা | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি (২য় ও ৪র্থ কোয়ার্টার) | প্রমাণক দাখিল করেনি | ২টি | ৪ | ০ | ০ |
| ৩.২ সিটিজেন চার্টার প্রণয়ন ও প্রদর্শন | লক্ষ্যমাত্রা: ১ম কোয়ার্টার; অর্জন: ২য় কোয়ার্টার | **বিলম্বে অর্জিত; .২৫ কম নম্বর পাবে** | ১টি ৩০/৯/২১ | ৪ | ১টি | ৩.৭৫ |
| ৩.৩ ই-নথি বাস্তবায়ন | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি | মোট নথির ৬০% ই-নথি তে বাস্তবায়িত মর্মে প্রমাণক দাখিল করেনি | ৬০% | ৪ | ০ | ০ |
| ৩.৪ চাকরি বিধিমালা/শৃংখলা ও আপিল বিধিমালা বিষয়ক সভা | লক্ষ্যমাত্রার ৫০% অর্জিত (২য় কোয়ার্টার) | ৩য় কোয়ার্টার প্রমাণক দাখিল করেনি | ২টি | ৪ | ১টি | ০ |
| ৩.৫ সেবা প্রদান বিষয়ক রেজিষ্টার ও মতামত সংরক্ষণ | লক্ষ্যমাত্রার ২৫% অর্জিত (৩য় কোয়ার্টার) | ১ম, ২য় ও ৪র্থ কোয়ার্টার প্রমাণক দাখিল করেনি | ৪টি | ৪ | ১টি | ০ |
| | | | মোট নম্বর= | ২০ | প্রাপ্ত নম্বর = | ৩.৭৫ |

| আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ময়মনসিংহ | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| কার্যক্রম | পর্যালোচনা | মন্তব্য | লক্ষ্যমাত্রা | সূচক মান | অর্জন | অর্জিত মান |
| ৩.১ অবসর/মৃত্যুজনিত কারণে চাকুরির অবসান হলে দেনা-পাওনা দ্রুত নিষ্পত্তি করা | লক্ষ্যমাত্রা অর্জিত | প্রত্যয়ন পত্র/পিআরএল মঞ্জুরিপত্র/প্রতিবেদন | ১০০% | ৪ | ১০০% | ৪ |
| ৩.২ নিরাপত্তা ব্যবস্থা জোরদার করণের লক্ষ্যে অফিস আঙিনায় সিসি ক্যামেরা এবং নিরাপত্তা প্রহরী নিয়োজিত করা | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি (১৭/০১/২২) | প্রমাণক দাখিল করেনি | ১টি | ৪ | ০ | ০ |
| ৩.৩ প্রাপ্ত তথ্য নিয়মিত হালনাগাদ করা | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি; দাখিলকৃত প্রমাণকের মাধ্যমে ১০০% অর্জন প্রমাণিত নয় | কোয়ার্টার ভিত্তিক তথ্য হালনাগাদের প্রমাণক দাখিল করা হয়নি; | ১০০% | ৪ | ০ | ০ |
| ৩.৪ স্বাস্থ্যবিধি অনুযায়ী হাত ধোয়ার ব্যবস্থা করা ও সচেতনতামূলক প্রচারণা | লক্ষ্যমাত্রা অর্জিত | ছবি দাখিলকৃত | ১টি | ৪ | ১টি | ৪ |
| ৩.৫ সরকার নির্দেশিত বিভিন্ন জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালন করা | লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি | সরকার নির্দেশিত গুরুত্বপূর্ণ জাতীয় দিবস হিসেবে ২১শে ফেব্রুয়ারি, ১৭ মার্চ পালনের প্রমাণক দাখিল করা হয়নি | ১০০% | ৪ | ৬০% | ০ |
| | | | মোট নম্বর= | ২০ | প্রাপ্ত নম্বর = | ৮ |

## ছক- গ: সর্বমোট প্রাপ্ত নম্বর

| ক্রমিক | আখানি দপ্তর | প্রাপ্ত নম্বর (ছক-ক) | প্রাপ্ত নম্বর (ছক-খ) | সর্বমোট নম্বর | প্রাপ্ত নম্বর (গ+ঘ) |
|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ |
| ০১ | ঢাকা | ২২.৭৫ | ৪ | ছক-ক= ৩০<br>ছক-খ= ২০<br>সর্বমোট=৫০ | ২৬.৭৫ |
| ০২ | চট্টগ্রাম | ১৪.২৫ | ১২ | | ২৬.২৫ |
| ০৩ | রাজশাহী | ১৪.৫০ | ১২ | | ২৬.৫০ |
| ০৪ | খুলনা | ১৪.৫০ | ৪ | | ১৮.৫০ |
| ০৫ | বরিশাল | ২৪.২৫ | ২০ | | ৪৪.২৫ |
| ০৬ | সিলেট | ১৯.৭৫ | ১২ | | ৩১.৭৫ |
| ০৭ | রংপুর | ১৪.০০ | ৩.৭৫ | | ১৭.৭৫ |
| ০৮ | ময়মনসিংহ | ১৭.৫০ | ৮ | | ২৫.৫০ |